

## আকাশবাণী শিলচর

### REGIONAL NEWS UNIT – SILCHAR

#### MORNING NEWS BULLETIN

#### BENGALI

02 MAY 2026

7:35—7:40 AM

আগামী চৌঠা মে অনুষ্ঠেয় বিধানসভা নির্বাচনের ভোট গণনার পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসনগুলি প্রস্তুতি প্রায় সম্পূর্ণ করে তুলেছে। ভোট গণনার জন্য রাজ্যের ৩৫ টি জেলার মুখ্য কার্যালয়ে মোট ৪০ টি কেন্দ্র স্থাপন করা হয়েছে। ভোট গণনা প্রক্রিয়া নিরীক্ষণের জন্য ১২৬ জন গণনা পর্যবেক্ষক নিয়োগ করা হয়েছে এবং এই প্রক্রিয়াতে ৫ হাজার ৯৮১ জন ভোট গণনা আধিকারীক এবং ২ হাজার ৩৪৭ জন মাইক্র অবজার্ভার সহযোগিতা করবেন। প্রতিটি বিধানসভা আসনের ভোটদানের হারের ওপর ভিত্তি করে ১৫ থেকে ২৮ টি রাউন্ডে ভোট গণনা করা হবে।

কাছাড় জেলার মাইক্র অবজার্ভার, কাউন্টিং সুপার ভাইজার এবং কাউন্টিং এসিস্টেন্টদের আজ সকাল সাড়ে ১০ টা থেকে শিলচরের উচ্চতর মাধ্যমিক বালক বিদ্যালয়ে দ্বিতীয় তথা চূড়ান্ত পর্যায়ের পোস্টাল ব্যালট এবং ইভিএম গণনার প্রশিক্ষণ প্রদান করা হবে। জেলা প্রশাসনের পক্ষ থেকে এর জন্য মোট ২০ জন প্রশিক্ষককে নিয়োগ করা হয়েছে।

শ্রীভূমি জেলা প্রশাসন ভোট গণনা প্রক্রিয়া স্বচ্ছ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে ইতিমধ্যে বিভিন্ন প্রস্তুতি সম্পন্ন করেছে। এই সম্পর্কে বিস্তারিত জানাতে জেলা নির্বাচন আধিকারীকের পক্ষ থেকে আজ দুপুর ২ টোয় এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে ভোট গণনার সার্বিক ব্যবস্থা, নিরাপত্তা ব্যবস্থা, মিডিয়া কভারেজ সংক্রান্ত নির্দেশিকা সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরা হবে।

এদিকে হাইলাকান্দীর জেলা মেজিস্ট্রেট ভোট গণনার সময় যাতে শান্তি বিঘ্নিত না হয় তার জন্য নিষেধাজ্ঞা জারি করেছেন। এই অনুসারে ভোট গণনা কেন্দ্রের ১০০ মিটার ব্যাসার্ধের মধ্যে ৫ বা ততোধিক লোকের সমবেত হওয়া, আতসবাজি, পটকা ইত্যাদি ফাটানো, অশ্লিশব্দ নিয়ে চলাফেরা করা, শোভাযাত্রা, লাউড স্পিকার ব্যবহারের ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। জেলায় তেসোরা মে বিকেল ৫ টা থেকে ৬ মে ভোর ৫ টা পর্যন্ত এই নিষেধাজ্ঞা বহাল থাকবে।

---

এদিকে নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী পশ্চিমবঙ্গের ১৫ টি ভোটগ্রহণ কেন্দ্রে আজ পুনরায় ভোটগ্রহণ করা হচ্ছে। ভোটগ্রহণ সকাল সাতটা থেকে শুরু হয়েছে চলবে সন্ধ্যা ৬ টা পর্যন্ত। এই ভোটগ্রহণ কেন্দ্রগুলোর সংশ্লিষ্ট রিটার্নিং আধিকারীক এবং পর্যবেক্ষকদের কাছ থেকে লাভ করা তথ্যের ভিত্তিতে নির্বাচন কমিশন পুনরায় ভোটগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করে।

---

লোকগণনা ২০২৭ এর প্রথম পর্যায়ের অধীনে অরুণাচল প্রদেশ, হরিয়ানা, চন্ডিগড়, মধ্যপ্রদেশ এবং ছত্তিশগড়ে গৃহ তালিকাভুক্ত এবং বাসগৃহ গণনা আরম্ভ হয়েছে। এই রাজ্যগুলোতে স্বগণনার ১৫ দিন সময়সীমা সম্পূর্ণ হওয়ার পর বাসগৃহ গণনা আরম্ভ হয়েছে। আগামী ৩০ শে মে পর্যন্ত এই প্রক্রিয়া চলবে বলে স্বরাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে জানানো হয়েছে।

---

এস ইউ সি আই (সি) দলের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে গতকাল যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক শ্রমিক দিবস পালন করা হয়েছে। এ উপলক্ষ্যে গতকাল শিলচরে দলীয় কার্যালয়ের সামনে দলের জেলা সম্পাদক ভবতোষ চক্রবর্তী পতাকা উত্তোলন করেন। পরে আয়োজিত এক আলোচনা সভায় বিভিন্ন বক্তা শ্রমিক দিবসের তাৎপর্য নিয়ে বক্তব্য রাখেন।

অসম মজুরী শ্রমিক ইউনিয়নের শিলচর শাখার উদ্যোগেও গতকাল রাঙ্গিখাড়ি ভাষা শহীদ স্মৃতি স্তম্ভ প্রাঙ্গণে বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে শ্রমিক দিবস পালন করা হয়েছে।

এ উপলক্ষ্যে বিভিন্ন শ্রমিক সংগঠন, সামাজিক সংস্থা এবং বিভিন্ন প্রতিষ্ঠানের উদ্যোগে আলোচনা সভা ও সচেতনতা কার্যসূচী অনুষ্ঠিত হয়েছে।

এদিকে শ্রমিকদের ঐক্য ও অধিকার রক্ষার বার্তা নিয়ে গতকাল হাইলাকান্দিতে মে ডে সোলিডেশন কমিটির হাইলাকান্দি জেলা কমিটির উদ্যোগে এবং অল আসাম মিড ডে মিল এমপ্লয়িজ ইউনিয়ন ও অল আসাম কনস্ট্রাকশন ওয়াকার্স ইউনিয়নের সহযোগীতায় হাইলাকান্দি জেলা পরিষদ কার্যালয়ের সভাকক্ষে শ্রমিক দিবস পালন করা হয়েছে। সিটুর হাইলাকান্দি জেলা সভাপতি চিন্তা হরন সূত্রধরের পৌরহিত্যে আয়োজিত সভায় শ্রমিকদের নায্য মজুরী, কাজের নিরাপত্তা এবং অধিকার রক্ষার বিষয়টি নিয়ে বিভিন্ন বক্তা আলোচনা করেন।

---

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী উদযাপন তথা বিশ্বের দরবারে রবীন্দ্র সঙ্গীতের সুবাস ছড়িয়ে দিতে আগামী ১০ ই মে সন্ধ্যা ৬ টায় আসামের শিলচর সহ দেশের ১১ টি রাজ্যে ‘চিরনুতন’শীর্ষক শতকণ্ঠে ১১ শো’র বেশী শিল্পী রবীন্দ্র সঙ্গীত পরিবেশন করবেন। এই অনুষ্ঠানের অংশ হিসেবে রবিধারা শিলচরের উদ্যোগে ঐদিন সন্ধ্যা ৬ টায় শিলচর রাজীব ভবনে শতকণ্ঠে রবীন্দ্র সঙ্গীতের অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই অনুষ্ঠানটিতে একই সঙ্গে একই সময়ে আসামের শিলচর সহ দেশের ১১ টি রাজ্যে ১১ শো’র বেশী শিল্পী মোট ১৭ টি রবীন্দ্র সঙ্গীত পরিবেশন করবেন।

---